

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-05-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্ড্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকার জনজাতি অধ্যুষিত প্রত্যন্ত এলাকাগুলিতে সরকারি পরিষেবা পৌঁছে দিতে একাধিক কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল আগরতলায় প্রজ্ঞাভবনে “জনজাতি গরিমা উৎসব”-এর উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে বিশেষ করে দূরবর্তী গ্রামগুলিতে প্রশাসনিক শিবির আয়োজনের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবা, শংসাপত্র প্রদানসহ বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা সরাসরি সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। জনজাতি জনগোষ্ঠীর সামাজিক ও আর্থিক উন্নয়ন নিশ্চিত করতে রাজ্য সরকার অগ্রাধিকার ভিত্তিতে কাজ করে চলেছে। জনজাতি সমাজের সার্বিক উন্নয়ন ও সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণকে সামনে রেখে ভারত সরকারের “জন ভাগিদারি অভিযান”-এর অঙ্গ হিসেবে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বক্তব্য রাখেন।

Union Minister-Unakoti :

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক রাষ্ট্রমন্ত্রী দুর্গাদাস উইকি গতকাল ঊনকোটি জেলা সফর করেন। কৈলাশহরে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। তিনি বৈঠকে প্রধানমন্ত্রী আবাস যোজনা, আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী কর্মসৃজন কর্মসূচি, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, পি.এম-বিশ্বকর্মা, পি.এম-জনমন, পি.এম সূর্যঘর মুফত বিজলি যোজনা, সয়েল হেলথ কার্ড, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা ইত্যাদি প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা ও মতবিনিময় করেন। এই বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, বিধায়ক বীরজিৎ সিংহ, ঊনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন প্রমুখ।

College-Admission :

রাজ্য সরকারি ডিগ্রী কলেজগুলিতে স্নাতক পাঠক্রমে ২০২৬ -২৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া আজ থেকে শুরু হচ্ছে। আজ উচ্চশিক্ষা দপ্তরের সমার্থ পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে। আবেদন গ্রহণের শেষ তারিখ সাতই জুন রাত বারোটা পর্যন্ত। প্রথম রাউন্ডে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ করা হবে ১৯ শে জুন। প্রথম রাউন্ডের মেধা তালিকা ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২২ এবং ২৩শে জুন। দ্বিতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ২৪ শে জুন। এর ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২৫ থেকে ২৯ শে জুন পর্যন্ত। তৃতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ৩০ জুন। তৃতীয় রাউন্ডের তালিকার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ১লা ও দোসরা জুলাই। চতুর্থ রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে তিন জুলাই। এই তালিকার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ৪ থেকে ৬ জুলাই। উচ্চশিক্ষা দপ্তর সূত্রে এখন জানা গেছে।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু পুলিশ বাহিনীকে আরও জনমুখী হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল সিকিম পুলিশের হাতে মর্যাদাপূর্ণ ‘প্রেসিডেন্টস পুলিশ কালার’ প্রদান অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। গ্যাংটকের পালজর স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে তিনি পুলিশ বাহিনীকে বিশেষ করে নারী, দরিদ্র ও শিশুদের সঙ্গে আচরণে সংবেদনশীল হওয়ার উপর জোর দেন।

সাইবার অপরাধ, অনলাইন প্রতারণা ও ডিপফেকের মতো নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত থাকার পরামর্শ দেন রাষ্ট্রপতি।

Union Minister of Agriculture :

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, দেশে বর্তমানে খাদ্যশস্যের কোনও ঘাটতি নেই। গতকাল নয়াদিল্লিতে ‘খারিফ অভিযান ২০২৬’-এর জাতীয় কৃষি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্রী সিং চৌহান বলেন, সরকার কৃষি ও কৃষকদের কল্যাণে বিশেষ গুরুত্ব দিচ্ছে। ভারত বর্তমানে ধান উৎপাদনে বিশ্বে শীর্ষস্থান রয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন, দু-দিনব্যাপী এই সম্মেলনে খরিফ কৃষিখাতের উন্নয়নের জন্য একটি রূপরেখা তৈরি করা হবে। জৈব চাষ, সমন্বিত

কৃষি সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য এই সম্মেলন একটি গুরুত্বপূর্ণ মঞ্চ তৈরি করবে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্মৃতিস্তম্ভিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১১২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে।

BJP President :

ত্রিপুরা প্রদেশ বিজেপি সভাপতি পদে বিধায়ক অভিষেক দেবরায়কে নিযুক্ত করা হয়েছে। তিনি বিদায়ী সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্যের স্মৃতিস্তম্ভিত হয়েছেন। বিজেপি’র সর্বভারতীয় সভাপতি নিতিন নবীনের অনুমোদনে এই নিযুক্তি দেওয়া হয়। নবনিযুক্ত প্রদেশ সভাপতি অভিষেক দেবরায়কে শুভেচ্ছা

জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব,
বিদায়ী প্রদেশ সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য্য

Prayas-TSR :

টিএসআরের ষষ্ঠ ব্যাটেলিয়ানের উদ্যোগে প্রয়াস কর্মসূচী অনুযায়ী গতকাল
খোয়াইয়ের রথটিলায় স্বাস্থ্য শিবির ও সচেতনতামূলক আলোচনাসভার
আয়োজন করা হয়। সামাজিক সচেতনতা বৃদ্ধি ও স্বাস্থ্য পরিষেবা সাধারণ
মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয় বলে পুলিশ
সদর দপ্তর থেকে জানানো হয়েছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত
মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের
সম্ভাবনা রয়েছে। রাজ্যের কোথাও বৃষ্টি সঙ্গে ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে
বলে সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা
ছিল ২৪.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির
কাছাকাছি।
